

প্রবাস থেকে

রহীম শাহ

আমরা যখন দূরের দেশে থাকি
তোমরা তখন ঘুরছে নিজের দেশে
আমার চোখে ঝিলিক দিল নাকি
একটি ছোট হলুদ পাখি এসে।

আমার চোখে বন নদী আর পাহাড়
এসে কেবল চমক দিয়ে যায়,
তাহার যেন অনেক অনেক বাহার
বুকের ডেতর কী যেন কচলায়।

তোমরা যারা আছো স্বদেশ বুকে
প্রজাপতির ডানায় উড়ে যাচ্ছে
দূরের দেশে থেকে পারি বুঝতে
তোমরা ঠিকই আসল মজা পাচ্ছে।

আমরা ঠিকই আসবো যে একদিন
পড়বো এসে বুকের মধ্যস্থানে
আজ আমাদের বুকে অনেক জল
এসব খবর পদ্মা নদী জানে।